# ই-অগ্রণী দর্পণ

৪র্থ বর্ষ ।। ১ম সংখ্যা ।। জানুয়ারি-মার্চ ২০২২

## অগ্রণী ব্যাংকের সুবর্ণজয়ন্তী




অগ্রণী ব্যাংক লিমিটেড
Agrani Bank Limited
*Committed to serving the nation*

www.agranibank.org

অগ্রণী ব্যাংক লিমিটেড
Agrani Bank Limited
*Committed to serving the nation*

## পরিচালনা পর্ষদ

### চেয়ারম্যান
ড. জায়েদ বখ্‌ত

### পরিচালক
মফিজ উদ্দীন আহমেদ
কাশেম হুমায়ূন
কেএমএন মঞ্জুরুল হক লাবলু
খোন্দকার ফজলে রশিদ
তানজিনা ইসমাইল
মো.শাহাদাৎ হোসেন, এফসিএ
মোহাম্মদ মাসুদ রানা চৌধুরী

### ব্যবস্থাপনা পরিচালক এবং সিইও
মোহম্মদ শামস্-উল ইসলাম

# ই-অগ্রণী দর্পণ

অগ্রণী ব্যাংক লিমিটেড এর ত্রৈমাসিক ই-বুক প্রকাশনা


**প্রধান উপদেষ্টা**

মোহম্মদ শামস্-উল ইসলাম
ব্যবস্থাপনা পরিচালক এবং সিইও

**উপদেষ্টা**

মো. হাবিবুর রহমান গাজী
উপব্যবস্থাপনা পরিচালক

মো. আনোয়ারুল ইসলাম
উপব্যবস্থাপনা পরিচালক

মো. মনিরুল ইসলাম
উপব্যবস্থাপনা পরিচালক

**সার্বিক তত্ত্বাবধানে**

মহাব্যবস্থাপকগণ

মো. মোজাম্মেল হোসেন, ড. মো. আব্দুল্লাহ আল মামুন
মো.গোলাম কিবরিয়া, মো. আখতারুল আলম
এনামুল মাওলা, মো. সামছুল হক
একেএম শামীম রেজা, শামীম উদ্দিন আহমেদ
মো. ফজলে খোদা, মো. শামছুল আলম
বাহারে আলম, একেএম ফজলুল হক
মো.আমিনুল হক, মো. আবুল বাশার
মো. আশেক এলাহী, মো. নূরুল হুদা
রুবানা পারভীন, মোহম্মদ ফজলুল করিম
মোহাম্মদ দিদারুল ইসলাম, মো. শাহিনুর রহমান
শিরীন আখতার

**সম্পাদকীয় পরামর্শক**

সুকান্তি বিকাশ সান্যাল
চেয়ারম্যান (মহাব্যবস্থাপক/অব)
অগ্রণী ব্যাংকের ইতিহাস প্রণয়ন ও আরকাইভস গঠন টিম

হোসাইন ঈমান আকন্দ
মহাব্যবস্থাপক
বিএসইউসিডি

জাকির হোসেন
উপমহাব্যবস্থাপক
পাবলিক রিলেশনস ডিভিশন

**সম্পাদক**

আল আমিন বিন হাসিম
সদস্য সচিব
অগ্রণী ব্যাংকের ইতিহাস প্রণয়ন ও আরকাইভস গঠন টিম

**সহকারি সম্পাদক**

অলক চন্দ্র মজুমদার, মো. সোহান মন্ডল
মো. মাহমুদুল হক, মোহাম্মদ শাকির হোসেন খান
সুদীপ্ত জোয়ার্দার, জি.এম. রাকিবুল হাসান
ইসরাত ইরিন, পারভীন আক্তার
শাহনাজ রহমান মুক্তা, এসএম আল-আমিন


**প্রকাশনায়:** স্পেশাল স্টাডি সেল, পাবলিক রিলেশনস ডিভিশন, অগ্রণী ব্যাংক লিমিটেড
আলামিন সেন্টার (ফ্লোর ১৩), ২৫/এ দিলকুশা, ঢাকা ১০০০।
ফোন ৮৮০২-৯৫১৫২৮৫, ই-মেইল ssc@agranibank.org

# সূচীপত্র

সম্পাদকীয় ― ৫

অগ্রণী পরিক্রমা
বঙ্গবন্ধুর জন্মদিনে শ্রদ্ধাঞ্জলি ― ৭
মহান ভাষা শহীদদের প্রতি কেন্দ্রীয় শহীদ মিনারে শ্রদ্ধা নিবেদন ― ৮
স্বাধীনতা দিবস উদ্‌যাপন ― ৯
ব্যবসা উন্নয়ন ও নবর্ষের শুভেচ্ছা বিনিময় সভা ― ১০
রপ্তানিকারকদের সঙ্গে চেয়ারম্যান-এমডির চা চক্র: অর্থনৈতিক প্রবৃদ্ধির অগ্রযাত্রায় ভূমিকা রাখবে অগ্রণী ব্যাংক ― ১০
জগন্নাথ বিশ্ববিদ্যালয়কে মাইক্রোবাস উপহার ― ১১
ইসলামী বিশ্ববিদ্যালয়কে মিনিবাস উপহার ― ১১
যশোর মেডিকেল কলেজ শাখা উদ্বোধন ― ১২
সিলেটের তামাবিল শাখায় ই-পেমেন্ট সেবার শুরু ― ১৩
নতুন ভবনে বনানী কর্পোরেট শাখা ― ১৩
আন্তর্জাতিক নারী দিবস উদ্‌যাপন ― ১৩
অবসরে ডিএমডি মো. রফিকুল ইসলাম ― ১৪
অফিসার সমিতির সাধারণ সম্পাদক মোবারক হোসেনের পিআরএল গমন ― ১৪
ঠাকুরগাঁওয়ে স্টেশন রোড শাখার উদ্বোধন ― ১৪

সুবর্ণজয়ন্তীর বিশেষ প্রতিবেদন
নতুন সাজে বঙ্গবন্ধু কর্নার ― ১৫
অগ্রণী ব্যাংকে গত পাঁচ বছরে ৪৫ বছরের অগ্রগতি ― ১৫

নতুন পরিচালক
মোহাম্মদ মাসুদ রানা চৌধুরী অগ্রণী ব্যাংকের নতুন পরিচালক ― ১৭

চুক্তি
অগ্রণী ব্যাংকের নেতৃত্বে রাষ্ট্রায়ত্ত পাঁচ ব্যাংকের সঙ্গে বসুন্ধরা গোল্ডের সিন্ডিকেট ঋণচুক্তি ― ১৭

সভা ও সম্মেলন
কুষ্টিয়া ও চুয়াডাঙ্গা অঞ্চলের শাখা ব্যবস্থাপক সম্মেলন ― ১৮
খুলনা সার্কেলের ভার্চুয়াল সভা ― ১৮

ট্রেনিং ও কর্মশালা
মামলা ব্যবস্থাপনা শীর্ষক কর্মশালা ― ১৯
ইন্টারন্যাশনাল ট্রেড পেমেন্ট এন্ড ফাইন্যান্সিং শীর্ষক প্রশিক্ষণ কর্মশালা ― ১৯
শাখা ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ কর্মশালা ― ১৯
বিজনেস অপারেশন ইন আবাবিল সফটওয়্যার শীর্ষক কর্মশালা ― ২০
জানুয়ারি-মার্চ কোয়ার্টারে অন্যান্য ভার্চুয়াল কর্মশালা ― ২০

শোক সংবাদ
জানুয়ারি-মার্চ কোয়ার্টারে যে সকল অগ্রণীয়ান চিরবিদায় নিয়েছেন ― ২১

স্মৃতির আরকাইভস
স্মৃতিময় অগ্রণী ব্যাংক আরকাইভস থেকে ― ২২

ফটো গ্যালারি ― ২৩

কবিতা ― ২৪

# সম্পাদকীয়

স্বাধীনতা ও বিজয়ের সুবর্ণজয়ন্তী পালন করছে বাংলাদেশ। এর আগে বিপুল উৎসাহে উদ্‌যাপিত হয়েছে স্বাধীন বাংলাদেশের মহান স্থপতি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী। এসব মহতী উৎসবের মূহুর্ত পার করার পর এখন আমরা উদ্‌যাপন করতে যাচ্ছি রাষ্ট্রায়ত্ত বাণিজ্যিক ব্যাংক হিসেবে অগ্রণী ব্যাংকের সুবর্ণজয়ন্তী উৎসব। সুবর্ণজয়ন্তী উপলক্ষে ব্যাংক কর্তৃপক্ষের বিভিন্ন আয়োজন রয়েছে যা সকল অগ্রণীয়ানকে আন্দোলিত ও অনুপ্রাণিত করবে বলে বিশ্বাস করি।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ২৬ মার্চ ১৯৭২ সালে যুদ্ধবিধ্বস্ত বাংলাদেশের বাস্তব প্রয়োজনের প্রেক্ষিতে সম্পদের সামাজিকীকরণের পর্যায়ক্রমিক কর্মসূচির শুভ সূচনা হিসেবে বিভিন্ন প্রতিষ্ঠানের সাথে আর্থিক প্রতিষ্ঠানগুলিও জাতীয়করণ করেন। ওইদিন রাষ্ট্রপতির বাংলাদেশ ব্যাংকস জাতীয়করণ আদেশ পিও নং ২৬ বলে একটি রাষ্ট্রীয় মালিকানাধীন ব্যাংক হিসেবে 'অগ্রণী ব্যাংক'-এর আত্মপ্রকাশ ঘটে। তৎকালীন হাবিব ব্যাংক লিমিটেড ও কমার্স ব্যাংক লিমিটেডের বাংলাদেশ ভূখন্ডে অবস্থিত সকল শাখা এবং সমুদয় দায় ও সম্পদ সমন্বয়ে একটি রাষ্ট্রীয় বাণিজ্যিক ব্যাংক হিসাবে অগ্রণী ব্যাংকের জন্ম হয়। তখন থেকেই দেশের উন্নয়ন, গ্রাম বাংলার বঞ্চিত, অবহেলিত, নিপীড়িত ও নিগৃহীত মানুষের সার্বিক অর্থনৈতিক উন্নয়ন প্রচেষ্টায় অবদান রাখার প্রয়াস পায় অগ্রণী ব্যাংক। হাতে নেয় বিভিন্ন প্রকল্প। দেশের মানুষের সেবার মহান ব্রত নিয়ে শুরু হয় অগ্রণী ব্যাংকের কর্মসূচি। স্বাধীনতার পঞ্চাশ বছরে এসে অগ্রণী ব্যাংকের সর্বজয়ী অগ্রযাত্রার প্রশংসা এখন দেশজুড়ে। বস্তুত এই অর্ধ শতাব্দীতে বাংলাদেশের অর্থনৈতিক অগ্রগতি এবং সাফল্যে অগ্রণী ব্যাংকের অবদান অপরিসীম।

গত ৫০ বছরের পথচলায় অগ্রণী ব্যাংক লিমিটেড জাতির পিতার স্বপ্নপূরণের প্রত্যয় নিয়ে সুবিশাল নেটওয়ার্কের মাধ্যমে দেশের শহর বন্দর গ্রাম ছাড়িয়ে প্রত্যন্ত এলাকায় আপামর জনসাধারণকে চাহিদা অনুযায়ী সকল ধরনের আর্থিক সেবা প্রদান করছে। যুগের সাথে তাল মিলিয়ে আধুনিক প্রযুক্তির ছোঁয়ায় বদলে গেছে অগ্রণী ব্যাংকের যাবতীয় সেবা। ব্যাংকটি নতুন নতুন আরও অনেক সেবা পণ্য চালু করেছে। উন্নত মানের ডিজিটাল ব্যাংকিংয়ের চমৎকার সেবা এখন অগ্রণীর প্রতিটি শাখায়। সেটা শহরেই হোক কিংবা প্রত্যন্ত দুর্গম এলাকায় হোক না কেন। ৫০ বছরের পথ চলায় দিনে দিনে অনেক সমৃদ্ধ হয়ে অগ্রণী ব্যাংক এ দেশের সব শ্রেণীপেশার মানুষের হৃদয়ের

(টাকার অংক কোটিতে)

| | ডিসেম্বর ১৯৭২ ( এপ্রিল- ডিসেম্বর) | ডিসেম্বর ২০২১ |
|---|---|---|
| অনুমোদিত মূলধন | ৫ | ২,৫০০ |
| পরিশোধিত মূলধন | ১ | ২,০৭২.২৯ |
| আমানত | ৯৬ | ১,০০,৯৫৯.১৮ |
| ঋণ | ৭৭ | ৫৯,৭৯০.২৯ |
| পরিচালন মুনাফা | ১.১২ | ৯,০০.৯৬ |
| নিট মুনাফা | ০.৭৭ | ৭৫.২৫ |

এছাড়াও গত ৫ বছরে আরও অনেক গুরুত্বপূর্ণ সূচকে দেশের ব্যাংকিং জগতে শীর্ষস্থান দখল করে নিয়েছে ব্যাংকটি। ইতোমধ্যে রেমিট্যান্স আহরণ, আমানত, আমদানি-রপ্তানি বাণিজ্য, গ্রীন ব্যাংকিং, অনাদায়ি ঋণ আদায়, সরকারের সাথে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ সূচকে শীর্ষে উঠে এসেছে। বিভিন্ন সূচকে অসামান্য অগ্রগতির কারণে অগ্রণী ব্যাংক গত ৫ বছরে অনেকগুলো সম্মাননা ও পুরস্কার পেয়েছে। এর মধ্যে ২০১৭ সালে অ্যারাবিয়ান ব্যাংকার অ্যাওয়ার্ড, ২০১৮ সালে বাংলাদেশ ব্যাংক রেমিট্যান্স অ্যাওয়ার্ড, সিটি ব্যাংক এনএ পারফরম্যান্স

এক্সিলেন্স অ্যাওয়ার্ড, ২০১৯ সালে আইসিএমএবি বেস্ট করপোরেট অ্যাওয়ার্ড উল্লেখযোগ্য। প্রথমবারের মতো অগ্রণী ব্যাংক অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০১৯-২০২০ এর মূল্যায়নে প্রথম স্থান অর্জন করে। বৈদেশিক রেমিট্যান্স আহরণে অগ্রণী ব্যাংক ২০১০ সাল থেকে অদ্যাবধি ধারাবাহিকভাবে রাষ্ট্রমালিকানাধীন ব্যাংকগুলোর মধ্যে প্রথম এবং সরকারি-বেসরকারি ব্যাংকের মধ্যে দ্বিতীয় স্থান অধিকার করে আছে। ২০২০ সালে দেশীয় ব্যাংকগুলোর মধ্যে সবুজ অর্থায়নে প্রথম স্থান অর্জন করেছে। এছাড়া ২০১৯-২০২০ অর্থবছরে সরকার ঘোষিত প্রণোদনা প্যাকেজের সিএমএসএমই ঋণ বিতরণে প্রথম হয়ে বাংলাদেশ ব্যাংকের সম্মাননা পেয়েছে। দেশের উন্নয়নে সরকারের নেয়া বিভিন্ন মেগাপ্রকল্পে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে অগ্রণী ব্যাংক। পদ্মা সেতু নির্মাণে অগ্রণী ব্যাংক এককভাবে ১.৪ বিলিয়ন মার্কিন ডলার সরবরাহ করেছে। দেশে প্রথম পিপিপি-র আওতায় নির্মিত ১১.৭ কিলোমিটার দীর্ঘ মেয়র হানিফ ফ্লাইওভারে অর্থায়ন করেছে ব্যাংকটি। ১৫টি বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রে এই ব্যাংকের অর্থায়ন আছে যেখান থেকে জাতীয় গ্রিডে যুক্ত হচ্ছে দুই হাজার ৩৫৬ মেগাওয়াট বিদ্যুৎ।

অগ্রণী ব্যাংকের ব্যবস্থাপনা কর্তৃপক্ষ মুজিব জন্মশতবর্ষ ও স্বাধীনতার সুবর্ণজয়ন্তীর কর্মসূচি যথাযথ মর্যাদায় উদ্‌যাপন করে আসছে। ব্যাংকের চেয়ারম্যান ড. জায়েদ বখ্‌ত এর নেতৃত্বে পরিচালনা পর্ষদ ও 'বঙ্গবন্ধু কর্নার' এর রূপকার মোহম্মদ শামস্-উল ইসলাম জাতির পিতার প্রতি শ্রদ্ধা জ্ঞাপনের লক্ষ্যে বহুমাত্রিক কর্মসূচি পালন করেছেন। ১৭ মার্চ বঙ্গবন্ধুর জন্মদিন ও জাতীয় শিশু দিবস এবং ২৬ মার্চ স্বাধীনতা দিবস উপলক্ষে আলোচনা সভা, এতিমদের মধ্যে খাবার বিতরণ, বঙ্গবন্ধুকে নিয়ে ডকুমেন্টারি ও ভিডিও ক্লিপস প্রদর্শন, প্রধান কার্যালয়ে বর্ণিল আলোকসজ্জাসহ সকল সার্কেল ও অঞ্চলে বিভিন্ন অনুষ্ঠানমালার আয়োজন করা হয়। ২১ ফেব্রুয়ারি ব্যাংকের নির্বাহী, কর্মকর্তা, কর্মচারী ও বিভিন্ন সংগঠন কেন্দ্রীয় শহীদ মিনারে ভাষা শহীদদের প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করেন। আন্তর্জাতিক নারী দিবসে অগ্রণী ব্যাংকের নারী সদস্যদের আয়োজনে অনুষ্ঠিত হয় সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান।

জানুয়ারি-মার্চ কোয়ার্টারে বিভিন্ন ব্যাধি এবং দুর্ঘটনায় বর্তমান ও প্রাক্তন যে সকল অগ্রণীয়ান ইহকাল ত্যাগ করেছেন তাদের সকলের স্মৃতির প্রতি শ্রদ্ধা নিবেদন করছি।

আগামী দিনের সব চ্যালেঞ্জ মোকবেলা করে অতীতের চেয়ে আরও বড় ধরনের সাফল্য ও সমৃদ্ধি অর্জনের পথে এগিয়ে যাবে অগ্রণী ব্যাংক। দেশ ও জাতির সার্বিক কল্যাণে আধুনিক যুগোপযোগী ব্যাংকিং সেবার প্রসার ঘটিয়ে অগ্রণী ব্যাংক এগিয়ে চলুক শতবর্ষ পূর্তির দিকে। ৫০ বছর পূর্তিতে সকল অগ্রণীয়ানকে জানাই প্রাণঢালা শুভেচ্ছা। ই-অগ্রণী দর্পণ জানুয়ারি-মার্চ সংখ্যায় যারা সহযোগিতা করেছেন তাদেরকে ধন্যবাদ।



## বঙ্গবন্ধুর জন্মদিনে শ্রদ্ধাঞ্জলি




ধানমন্ডি ৩২ নম্বরে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদন করছেন আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সচিব শেখ মোহাম্মদ সলিম উল্লাহ, অগ্রণী ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক এবং সিইও মোহম্মদ শামস্-উল ইসলাম সহ অন্যান্যরা

যতকাল রবে পদ্মা, মেঘনা/গৌরী, যমুনা বহমান/ততকাল রবে কীর্তি তোমার/শেখ মুজিবুর রহমান। প্রখ্যাত কবি ও প্রাবন্ধিক অন্নদাশঙ্কর রায় যাকে ঘিরে কবিতায় এই সত্যকথন রচনা করেছেন, তার হাত ধরেই এই ভূখন্ডে রচিত হয়েছে বিস্ময়কর এক ইতিহাস। হাজার বছরের পরাধীনতার নাগপাশ ছিন্ন করে বিশ্বের মানচিত্রে স্থান করে নিয়েছে নতুন এক রাষ্ট্র। বাঙালি পেয়েছে জাতিসত্তার পরিচয় ও অধিকার। ১৭ মার্চ ২০২২ সেই মহামানব, স্বাধীন বাংলাদেশের স্থপতি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০২তম জন্মদিন। বাঙালির অনন্য গৌরবের দিনটি পালিত হয়েছে রাষ্ট্রীয় মর্যাদায়। দিনটি ছিল সরকারি ছুটির। সূর্যোদয়ের সঙ্গে সঙ্গে ঢাকার পুরাতন বিমানবন্দর এলাকায় তোপধ্বনির মাধ্যমে দিবসের অনুষ্ঠানমালার সূচনা হয়। একই সঙ্গে দিনটিকে জাতীয় শিশু দিবস হিসেবেও পালন করা হয়েছে। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মদিন উপলক্ষে দেশব্যাপী অগ্রণী ব্যাংক বিভিন্ন কর্মসূচি পালন করে। ওইদিন সকালে ধানমন্ডি ৩২ নম্বরে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদন করা হয়। এসময় উপস্থিত ছিলেন আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সচিব শেখ মোহাম্মদ সলিম উল্লাহ, অগ্রণী ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক এবং সিইও মোহম্মদ শামস্-উল ইসলাম, উপব্যবস্থাপনা পরিচালক মো. হাবিবুর রহমান গাজী, মো. আনোয়ারুল ইসলাম ও মো. মনিরুল ইসলাম, মহাব্যবস্থাপকগণ, উপ-মহাব্যবস্থাপকবৃন্দ সহ অফিসার সমিতি এবং মুক্তিযোদ্ধা সংসদ সন্তান কমান্ডের নেতৃবৃন্দ। বিকেলে ওয়েবিনারের মাধ্যমে বঙ্গবন্ধুর জীবন ও কর্ম নিয়ে ভার্চুয়াল আলোচনা অনুষ্ঠিত হয়। সভায় প্রধান অতিথি ছিলেন পরিচালনা পর্ষদের চেয়ারম্যান ড. জায়েদ বখ্ত। ব্যবস্থাপনা পরিচালক এবং সিইও মোহম্মদ শামস্-উল ইসলামের সভাপতিত্বে আলোচনায় পরিচালকবৃন্দ, উর্ধ্বতন নির্বাহী, কর্মকর্তাগণ অংশ নেন। দিনব্যাপী কর্মসূচিতে আরও ছিল দোয়া ও মিলাদ মাহফিল, প্রার্থনা, পোস্টার প্রদর্শনী, ব্যাংক ভবন আলোকসজ্জাকরণ। এছাড়াও সারাদেশে অগ্রণী ব্যাংকের সার্কেল, অঞ্চল এবং শাখা পর্যায়েও দিবসটি উদযাপন করা হয়।

# মহান ভাষা শহীদদের প্রতি কেন্দ্রীয় শহীদ মিনারে শ্রদ্ধা নিবেদন




ভাষা শহীদদের প্রতি শ্রদ্ধা জানাতে ব্যবস্থাপনা পরিচালক এবং সিইও মোহম্মদ শামস্-উল ইসলামের নেতৃত্বে কেন্দ্রীয় শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণ

বাঙালির গর্বের এবং শোকের দিন একুশে ফেব্রুয়ারি। মাতৃভাষার মর্যাদা রক্ষায় ১৯৫২ সালের এই দিনে বুকের তাজা রক্ত রঞ্জিত করেন বাংলা মায়ের দামাল ছেলেরা। ২১ ফেব্রুয়ারি ২০২২ ছিল সেই আত্মদানের ৭০ বছর পূর্তি। তবে চলমান করোনা মহামারি পরিস্থিতিতে এ বছরও স্বাস্থ্যবিধি মেনে মাস্ক পরে ও সামাজিক দূরত্ব বজায় রেখে শহীদ বেদিতে পুষ্পস্তবক অর্পণ করতে হয় সবাইকে। একুশের রাতের প্রথম প্রহর থেকেই কেন্দ্রীয় শহীদ মিনার এলাকায় ভাষা শহীদদের প্রতি শ্রদ্ধা জানাতে মানুষের ঢল নামে। প্রতি বছরের ন্যায় যথাযোগ্য মর্যাদায় অগ্রণী ব্যাংকও মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবসে বিভিন্ন কর্মসূচি পালন করে। সকাল ১০টায় স্বাস্থ্যবিধি মেনে কেন্দ্রীয় শহীদ মিনারে ব্যবস্থাপনা পরিচালক এবং সিইও মোহম্মদ শামস্-উল ইসলামের নেতৃত্বে পুষ্পস্তবক অর্পণ করা হয়। এ সময় উপস্থিত ছিলেন উপ-ব্যবস্থাপনা পরিচালক মো. হাবিবুর রহমান গাজী ও মো. আনোয়ারুল ইসলাম, মহাব্যবস্থাপক ও সিএফও মো. মনোয়ার হোসেন এফসিএ, মো. আখতারুল আলম (প্রশাসন) ও এ কে এম শামীম রেজা (ক্যামেলকো), উপ-মহাব্যবস্থাপক মো. মনিবুর রহমানসহ অফিসার সমিতি, অগ্রণী ব্যাংক মুক্তিযোদ্ধা সংসদ সন্তান কমান্ড এবং সিবিএর নেতৃবৃন্দ। বিকেলে ২১ ফেব্রুয়ারির তাৎপর্য নিয়ে ওয়েবিনারে এক ভার্চুয়াল আলোচনা সভার আয়োজন করা হয়।

# স্বাধীনতা দিবস উদ্‌যাপন




ধানমন্ডির ৩২ নম্বরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে শ্রদ্ধা জ্ঞাপন করছেন ব্যবস্থাপনা পরিচালক এবং সিইও মোহম্মদ শামস্-উল ইসলাম সহ ব্যাংকের নির্বাহী, কর্মকর্তা ও কর্মচারীগণ

স্বাধীনতাকামী বাঙালি জাতি মুক্তির মহাকাব্য রচনা করেছিল যে দিনে, সেই মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২৬ মার্চ। বাঙালির অবিসংবাদিত নেতা জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ডাকে পাকিস্তানি শাসন- শোষণের কবল থেকে মাতৃভূমি বাংলাদেশকে স্বাধীন করার এই দিনটি উদযাপতি হয় প্রতিবছরেই। এবারের স্বাধীনতা দিবস সারাদেশে যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপন করেছে অগ্রণী ব্যাংক লিমিটেড। ওইদিন সকালে ধানমন্ডির ৩২ নম্বরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে শ্রদ্ধা জ্ঞাপন করেন অগ্রণী ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক এবং সিইও মোহম্মদ শামস্-উল ইসলাম। এ সময় উপব্যবস্থাপনা পরিচালক মো. হাবিবুর রহমান গাজী, মো. আনোয়ারুল ইসলাম, মহাব্যবস্থাপকবৃন্দ, উপমহাব্যবস্থাপকবৃন্দ, অফিসার সমিতির এবং মুক্তিযোদ্ধা সংসদ সন্তান কমান্ডের নেতৃবৃন্দসহ উর্ধ্বতন নির্বাহী, কর্মকর্তা ও কর্মচারীগণ উপস্থিত ছিলেন। এর আগে সূর্যোদয়ের সাথে সাথে প্রধান কার্যালয়ের সামনে পতাকা উত্তোলন ও শহীদ জাফর বেদীতে পুষ্প স্তবক অর্পণ করেন প্রধান শাখার মহাব্যবস্থাপক মো. সামসুল হক। দিবসের কর্মসূচির অংশ হিসেবে জাতীয় স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ করেন উপব্যবস্থাপনা পরিচালক মো. মনিরুল ইসলাম সহ নির্বাহী, কর্মকর্তা এবং কর্মচারীবৃন্দ। এছাড়াও চট্টগ্রাম ও রংপুর সার্কেলের আয়োজনে কক্সবাজারের টেকনাফ উপজেলায় এতিমখানায় এবং পঞ্চগড়ের তেঁতুলিয়ায় এতিমখানায় উন্নতমানের খাবার পরিবেশন এবং খুলনা সার্কেল কর্তৃক মহানগরের গল্লামারীতে মিলাদ মাহফিলের আয়োজন করা হয়। বিকেলে ওয়েবিনারের মাধ্যমে ভার্চুয়াল আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। এতে প্রধান অতিথি ছিলেন পরিচালনা পর্ষদের চেয়ারম্যান ড. জায়েদ বখ্‌ত। ব্যবস্থাপনা পরিচালক এবং সিইও মোহম্মদ শামস্-উল ইসলামের সভাপতিত্বে ওয়েবিনারে সম্মানিত পরিচালকগণ, উপব্যবস্থাপনা পরিচালকবৃন্দ, মহাব্যবস্থাপকবৃন্দ সহ সারাদেশের অগ্রণীয়ানরা সংযুক্ত ছিলেন।

## ব্যবসায় উন্নয়ন ও নববর্ষের শুভেচ্ছা বিনিময় সভা




প্রধান কার্যালয়ের বোর্ড রুমে অনুষ্ঠিত ব্যবসায় উন্নয়ন ও নববর্ষের শুভেচ্ছা বিনিময়সভা

২০২২ সালের প্রথম কর্মদিবসে ব্যবসায় উন্নয়ন বিষয়ক পর্যালোচনা সভা এবং অগ্রণী ব্যাংকের উর্ধ্বতন নির্বাহী ও কর্মকর্তাদের সঙ্গে নববর্ষের শুভেচ্ছা বিনিময় করেছেন পর্ষদ চেয়ারম্যান ড. জায়েদ বখ্‌ত, ব্যবস্থাপনা পরিচালক এবং সিইও মোহম্মদ শামস-উল ইসলাম। ২ জানুয়ারি প্রধান কার্যালয়ের বোর্ড রুমে অনুষ্ঠিত সভায় ২০২১ সালের মুনাফা অর্জন নিয়ে সন্তোষ প্রকাশ করেন ড. জায়েদ বখ্‌ত। সভায় নতুন বছরের পরিকল্পনা বিষয়ে ব্যবস্থাপনা পরিচালক এবং সিইও বিভিন্ন সিদ্ধান্ত ও দিকনির্দেশনা দেন। সভায় উপস্থিত থেকে উপস্থিত থেকে নববর্ষের শুভেচ্ছা ও পর্যালোচনায় অংশগ্রহণ করেন উপব্যবস্থাপনা পরিচালক মো. রফিকুল ইসলাম, হাবিবুর রহমান গাজী, মো. আনোয়ারুল ইসলাম, মো. মনিরুল ইসলাম এবং মহাব্যবস্থাপকগণ।

### রপ্তানিকারকদের সঙ্গে চেয়ারম্যান-এমডি'র চা চক্র

## অর্থনৈতিক প্রবৃদ্ধির অগ্রযাত্রায় ভূমিকা রাখবে অগ্রণী ব্যাংক




রপ্তানিকারকদের সঙ্গে চা চক্রে অগ্রণী ব্যাংকের চেয়ারম্যান এবং এমডি সহ আমন্ত্রিত অতিথিগণ

জাতীয় অর্থনৈতিক প্রবৃদ্ধির অগ্রযাত্রায় ব্যবসায়িক লক্ষ্যমাত্রা অর্জনে ধারাবাহিক ভূমিকা অব্যাহত রাখার প্রত্যয়ে অগ্রণী ব্যাংক লিমিটেডের ১৬টি এডি শাখার সম্ভাবনাময় রপ্তানিকারক (Prospective Exporters) গণের সম্মানে ২৯ মার্চ ২০২২ প্রধান কার্যালয়ের বোর্ড রুমে Chairman's Hi-Tea with Valiant Exporters শীর্ষক চা-চক্র অনুষ্ঠিত হয়েছে।ঃ

অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন ব্যাংকের পরিচালনা পর্ষদের চেয়ারম্যান ড. জায়েদ বখ্‌ত । ব্যবস্থাপনা পরিচালক এবং সিইও মোহম্মদ শামস্-উল ইসলামের সভাপতিত্বে উপস্থিত ছিলেন উপব্যবস্থাপনা পরিচালক মো. হাবিবুর রহমান গাজী, মো. আনোয়ারুল ইসলাম ও মো. মনিরুল ইসলাম। অনুষ্ঠানের লক্ষ্য ও উদ্দেশ্য বর্ণনাপূর্বক উদ্বোধনী বক্তব্য প্রদান করেন ব্যাংকটির আন্তর্জাতিক বিভাগের মহাব্যবস্থাপক মো. মোজাম্মেল হোসেন। ব্যবস্থাপনা পরিচালক এবং সিইও মোহম্মদ শামস্-উল ইসলাম সম্মানিত রপ্তানিকারকগণের ব্যবসায়িক অগ্রগতির সহায়ক স্টেকহোল্ডার হিসেবে অগ্রণী ব্যাংকের সহযোগিতার দুয়ার সর্বদা খোলা আছে মর্মে আশ্বস্ত ও অনুপ্রাণিত করেন। অনুষ্ঠানে ইন্টারন্যাশনাল ট্রেড অ্যান্ড ফরেন কারেন্সী ম্যানেজমেন্ট ডিভিশনের উপমহাব্যবস্থাপক মোছা. শামীম আরা এবং ট্রেজারি ডিভিশনের উপ-মহাব্যবস্থাপক মো. মোখলেসুর রহমানসহ আমন্ত্রিত রপ্তানিকারকগণ উপস্থিত ছিলেন। চা-চক্র অনুষ্ঠানে সম্মানিত অতিথিদেরকে ব্যাংকের পক্ষ থেকে সম্মানসূচক ক্রেস্ট ও স্যুভেনির প্রদান করা হয়।

## জগন্নাথ বিশ্ববিদ্যালয়কে মাইক্রোবাস উপহার




জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. ইমদাদুল হকের নিকট মাইক্রোবাসের চাবি হস্তান্তর করছেন অগ্রণী ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক এবং সিইও

জগন্নাথ বিশ্ববিদ্যালয়কে একটি মাইক্রোবাস উপহার দিয়েছে অগ্রণী ব্যাংক লিমিটেড। ২০ জানুয়ারি এক অনুষ্ঠানে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. ইমদাদুল হকের নিকট গাড়িটির চাবি হস্তান্তর করেন অগ্রণী ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক এবং সিইও মোহম্মদ শামস্-উল ইসলাম। বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের সম্মেলন কক্ষে আয়োজিত এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ, শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. মো. আবুল হোসেন, আইন অনুষদের ডিন অধ্যাপক ড. সরকার আলী আক্কাস, পরিবহন প্রশাসক অধ্যাপক আব্দুল্লাহ আল মাসুদ, অগ্রণী ব্যাংকের উপ-ব্যবস্থাপনা পরিচালক মো. রফিকুল ইসলাম, মহাব্যবস্থাপক ড. মো. আব্দুল্লাহ আল মামুন, মো. ফজলে খোদা ও মো. আশেক এলাহী, উপমহাব্যবস্থাপক অনিতা দে, সহকারী মহাব্যবস্থাপক শহীদ উল্যা, তারেক হোসেন প্রমুখ।প্রধান অতিথির বক্তব্যে ড. মো. ইমদাদুল হক অগ্রণী ব্যাংকের এই মহতী উদ্যোগকে স্বাগত জানিয়ে কৃতজ্ঞতা প্রকাশ করেন। মোহম্মদ শামস্-উল ইসলাম জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, ছাত্র, কর্মকর্তা-কর্মচারী সহ সকলকে অগ্রণী ব্যাংকের সেবা গ্রহণের জন্য আন্তরিক আহবান জানান।

## ইসলামী বিশ্ববিদ্যালয়কে মিনিবাস উপহার

ইসলামী বিশ্ববিদ্যালয়কে একটি মিনিবাস উপহার দিয়েছে অগ্রণী বাংক লিমিটেড। ২২ জানুয়ারি বিশ্ববিদ্যালয়ের প্রশাসন ভবনের সভা কক্ষে আনুষ্ঠানিকভাবে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. শেখ আব্দুস সা-লামের হাতে বাসের চাবি হস্তান্তর করেন অগ্রণী ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক এবং সিইও মোহম্মদ শামস্-উল ইসলাম। এ সময় উপস্থিত ছিলেন উপ-উপাচার্য ড. মাহবুবুর রহমান, রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) মু হাবিবুর রহমান, শিক্ষক সমিতির সভাপতি ড. মিজানুর রহমান, অগ্রণী ব্যাংকের উপব্যবস্থাপনা পরিচালক মো. আনোয়ারুল ইসলাম , মহাব্যবস্থাপক মো. মনোয়ার হোসেন এফসিএ (খুলনা সার্কেল), ড. মো. আব্দুল্লাহ আল মামুন (ক্রেডিট) ও মো. আশেক এলাহী (রিকভারি), কুষ্টিয়া অঞ্চলের উপমহাব্যবস্থাপক মো. অহিদুর রহমান প্রমুখ। উপাচার্য ড. শেখ আব্দুস সালাম অগ্রণী ব্যাংকের এই কল্যাণকর উদ্যোগকে স্বাগত জানিয়ে কৃতজ্ঞতা প্রকাশ করেন। মোহম্মদ শামস্-উল ইসলাম বলেন, বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকীতে এ উপহার প্রদান করতে পেরে অগ্রণী ব্যাংক ধন্য। তিনি ইসলামী বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী এবং কর্মকর্তা-কর্মচারী সহ সকলকে অগ্রণী ব্যাংকের সেবা গ্রহণের জন্য উদাত্ত আহ্বান জানান।



ইসলামী বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. শেখ আব্দুস সালামের হাতে উপহারকৃত বাসের চাবি হস্তান্তর করছেন অগ্রণী ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক এবং সিইও

## যশোর মেডিকেল কলেজ শাখা উদ্বোধন



যশোর মেডিকেল কলেজে অগ্রণী ব্যাংকের নতুন শাখা উদ্বোধন করছেন ব্যবস্থাপনা পরিচালক এবং সিইও মোহম্মদ শামস্-উল ইসলাম

যশোর অঞ্চলাধীনে অগ্রণী ব্যাংকের যশোর মেডিকেল কলেজ শাখা নামক একটি নতুন শাখা উদ্বোধন করা হয়। ২২ জানুয়ারি ২০২২ এক অনুষ্ঠানের মাধ্যমে নতুন এই শাখার উদ্বোধন করেন ব্যবস্থাপনা পরিচালক এবং সিইও মোহম্মদ শামস্-উল ইসলাম। পরে গ্রাহকদের সাথে মিট দ্য ক্লায়েন্টস সভায় প্রধান অতিথি হিসেবেঅংশ নেন তিনি। এসময় তিনি বলেন, বঙ্গবন্ধুর প্রদত্ত অগ্রণী নামটি নিয়ে অগ্রণী ব্যাংক অবিরত অগ্রযাত্রায় এগিয়ে যাচ্ছে। বঙ্গবন্ধুর জন্মশতবর্ষে দেশ ও জাতির সেবায় প্রতিশ্রুতিবদ্ধ অগ্রণী ব্যাংক মানুষকে আরও বেশি আর্থিক সেবা প্রদান করে এগিয়ে যাবে। তিনি খই, খেজুর রসের জন্য বিখ্যাত এবং মহাকবি মাইকেল মধুসূদন দত্তের জন্ম জেলা যশোরের মানুষকে আরও উন্নত ব্যাংকিং সেবা প্রদান করার প্রতিশ্রুতি ব্যক্ত করেন। সভায় উপব্যবস্থাপনা পরিচালক মো. আনোয়ারুল ইসলাম, মহাব্যবস্থাপক মো. মনোয়ার হোসেন এফসিএ (খুলনা সার্কেল), ড. মো. আব্দুল্লাহ আল মামুন (ক্রেডিট) ও মো. আশেক এলাহী (রিকভারি), যশোর অঞ্চলের উপমহাব্যবস্থাপক দীন মোহাম্মদ সহ ব্যাংকের কর্মকর্তা-কর্মচারী এবং গ্রাহকবৃন্দ উপস্থিত ছিলেন।

যশোর মেডিকেল কলেজ শাখার কার্যক্রম ২০২১ সালের ১৯ ডিসেম্বর থেকে শুরু হয়। যশোর সদরে পৌরসভার শংকরপুর, ইসহাকপুর সড়কে অবস্থিত যশোর মেডিকেল কলেজ শাখার কোড নং ১১১৫-৬ এবং ই-মেইল নং 11156@bangla.net এ ব্যাংকিং কার্যক্রম পরিচালিত হবে।

## সিলেটের তামাবিল শাখায় ই-পেমেন্ট সেবার শুরু



তামাবিল শাখায় ই-পেমেন্ট/ই-কাস্টমস সেবার উদ্বোধনী অনুষ্ঠানে কর্মকর্তাগণ

সিলেটের তামাবিল শাখায় অগ্রণী ব্যাংকের ই-পেমেন্ট/ই-কাস্টমস সেবার যাত্রা শুরু হয়েছে। ২৩ ফেব্রুয়ারি ২০২২ প্রধান কার্যালয়ের আইটি এন্ড এমআইএস ডিভিশনের সহযোগিতায় তামাবিল এডি শাখার মাধ্যমে পরীক্ষামূলকভাবে এই পদ্ধতি সফলভাবে সম্পন্ন করার পর আমদানিকারক এর নিকট হস্তান্তর করা হয়।

এসময় কাস্টমসের রাজস্ব কর্মকর্তা আশিকুর রহমান, তামাবিল চুনাপাথর ও কয়লা আমদানিকারক সমিতির সহ-সভাপতি মো. জালাল উদ্দীন (সিআইপি), দি সিলেট চেম্বার অব কমার্সের পরিচালক হাজী সরোয়ার হোসেন ছেদু, অন্যান্য আমদানিকারক, তামাবিল শাখার ব্যবস্থাপক মো. আশরাফুল আলম সহ অন্যান্য ব্যাংক ও কাস্টমস কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

এখন থেকে অগ্রণী ব্যাংকের যে কোন শাখা থেকে এসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমের সব ধরনের বিল অব এন্ট্রির বিপরীতে শুল্ক-কর পরিশোধ করা যাবে ই-পেমেন্টের মাধ্যমে। ই-পেমেন্ট ব্যবস্থায় আমদানিকারক বা সিঅ্যান্ডএফ এজেন্টের ব্যাংক হিসাব থেকে সরাসরি বাংলাদেশ ব্যাংকের মাধ্যমে সরকারি ট্রেজারারিতে অর্থ পরিশোধ হবে। ফলে আমদানিকারক বা সিঅ্যান্ডএফ এজেন্ট নির্বিঘ্নে এবং দ্রুততার সাথে রাজস্ব পরিশোধ করতে পারবেন । এতে আমদানি-রপ্তানি পর্যায়ে শুল্ক-কর পরিশোধে জালিয়াতির ঝুঁকিও কমে যাবে।


## নতুন ভবনে বনানী কর্পোরেট শাখা

নতুন ভবনে অগ্রণী ব্যাংক বনানী কর্পোরেট শাখার কার্যক্রমের উদ্বোধন করা হয়েছে। ২৭ ফেব্রুয়ারি ২০২২ উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ব্যাংকের পরিচালনা পর্ষদের চেয়ারম্যান ড. জায়েদ বখ্‌ত। বিশেষ অতিথি ছিলেন ব্যবস্থাপনা পরিচালক এবং সিইও মোহাম্মদ শামস্-উল ইসলাম। বনানী কর্পোরেট শাখার উপ-মহাব্যবস্থাপক ও শাখা প্রধান মো. মনিরুজ্জামানের সভাপতিত্বে এসময় উপস্থিত ছিলেন উপব্যবস্থাপনা পরিচালক মো. হাবিবুর রহমান গাজী, মো. আনোয়ারুল ইসলাম ও মো. মনিরুল ইসলাম, মহাব্যবস্থাপক মো. মোজাম্মেল হোসেন, ড. মো. আব্দুল্লাহ আল মামুন ও মো. নূরুল হুদা, মহাখালী কর্পোরেট শাখা প্রধান ও উপমহাব্যবস্থাপক আলী হায়দার প্রমুখ। ড. জায়েদ বখ্‌ত কর্মকর্তা-কর্মচারীদের উদ্দেশ্যে বলেন, সমৃদ্ধ অর্থনীতির দেশ গঠনে নিজ নিজ দায়িত্বে সচেষ্ট ও সচেতন থেকে কাজ করে অগ্রণী ব্যাংককে আরও এগিয়ে নিয়ে যেতে হবে। মোহম্মদ শামস্-উল ইসলাম বলেন, অবিরাম অগ্রযাত্রায় এগিয়ে যাওয়ার ব্যাংক অগ্রণী ব্যাংক। দৃঢ় প্রত্যয়ে আমরা জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর দেয়া নাম অগ্রণী ব্যাংককে সকল সূচকে অগ্রণী ভূমিকায় নিয়ে যাবো। অনুষ্ঠানে গ্রাহকগণের পক্ষ থেকে বক্তব্য প্রদান করেন মাসুদ স্টীল ডিভাইস এর ব্যবস্থাপনা পরিচালক কেএম মাসুদুর রহমান, ইউনিফর্ম টেক্সটাইল মিলস লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক মো. আফতাব হোসেন ভুঁইয়া, দেশবন্ধু গ্রুপের চেয়ারম্যান মো. গোলাম মোস্তফা এবং খান টেক্স ফ্যাশন লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক হুমায়ূন কবির সেলিম। অনুষ্ঠানে গ্রাহকগণকে অগ্রণী ব্যাংকের পক্ষ থেকে সম্মাননা স্মারক প্রদান করা হয়।



নতুন ভবনে অগ্রণী ব্যাংক বনানী কর্পোরেট শাখার কার্যক্রম উদ্বোধন করছেন অগ্রণী ব্যাংকের চেয়ারম্যান ড. জায়েদ বখ্‌ত ও এমডি এবং সিইও মোহম্মদ শামস্-উল ইসলাম

## আন্তর্জাতিক নারী দিবস উদ্‌যাপন


আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষে প্রধান কার্যালয়ের বোর্ড রুমে কেক কাটা হয়

বর্ণিল আয়োজন ও উৎসবমুখর পরিবেশে অগ্রণী ব্যাংকের নারী নির্বাহী, কর্মকর্তা ও কর্মচারীদের অংশগ্রহণে জুম ওয়েবিনারে আন্তর্জাতিক নারী দিবস উদ্‌যাপিত হয়। ৮ মার্চ ২০২২ সন্ধ্যায় ব্যাংকের নারী সদস্যদের অংশগ্রহণে আলোচনা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। এতে প্রধান অতিথি ছিলেন অগ্রণী ব্যাংকের পরিচালক তানজিনা ইসমাইল। সিলেট সার্কেলের মহাব্যবস্থাপক রুবানা পারভীনের সভাপতিত্বে ওয়েবিনারে আলোচনায় অংশনেন ব্যবস্থাপনা পরিচালক (চলতি দায়িত্ব) মো. হাবিবুর রহমান গাজী, উপব্যবস্থাপনা পরিচালক মো. আনোয়ারুল ইসলাম ও মো. মনিরুল ইসলামসহ মহাব্যবস্থাপকবৃন্দ। ওয়েবিনারে ব্যাংকের বিভিন্ন অঞ্চলের নারী সদস্যদের পাশাপশি উর্ধ্বতন নির্বাহী, কর্মকর্তা-কর্মচারীগণ সংযুক্ত ছিলেন। অনুষ্ঠানের শুরুতে এবং আলোচনার ফাঁকে ফাঁকে ব্যাংকের নারী কর্মকর্তাগণ কবিতা আবৃত্তি, সংগীত পরিবেশন করে ওয়েবিনারকে প্রাণবন্ত করে রাখেন।

## অবসরে ডিএমডি মো. রফিকুল ইসলাম



মো. রফিকুল ইসলাম

ব্যাংকিং কর্মজীবন থেকে অবসরে গেলেন অগ্রণী ব্যাংকের উপব্যবস্থাপনা পরিচালক (ডিএমডি-১) মো. রফিকুল ইসলাম। এ উপলক্ষে ১০ ফেব্রুয়ারি ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্তৃক প্রধান কার্যালয়ে বিদায় সংবর্ধনার আয়োজন করা হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন ব্যবস্থাপনা পরিচালক এবং সিইও মোহম্মদ শামস্-উল ইসলাম। মহাব্যবস্থাপক (প্রশাসন) মো. আখতারুল আলমের সভাপতিত্বে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন উপব্যবস্থাপনা পরিচালক মো. হাবিবুর রহমান গাজী, মো. আনোয়ারুল ইসলাম ও মো. মনিরুল ইসলাম, উর্ধ্বতন নির্বাহী, বিভিন্ন সংগঠনের নেতৃবৃন্দ এবং কর্মকর্তা-কর্মচারীবৃন্দ।

বিদায়ী ডিএমডি মো. রফিকুল ইসলাম সম্পর্কে এমডি এবং সিইও তার বক্তব্যে বলেন, অনেক দিন ধরে আমরা এই প্রতিষ্ঠানে এক সঙ্গে কাজ করেছি এবং এই প্রতিষ্ঠানের সকল কর্মকান্ডে তিনি অত্যন্ত দক্ষতার পরিচয় দিয়েছেন যা আমাদের সারা জীবন মনে থাকবে।

মো. রফিকুল ইসলাম ২০১৯ সালের ১৫ সেপ্টেম্বর অগ্রণী ব্যাংকে ডিএমডি হিসেবে যোগদান করেন। অগ্রণী ব্যাংকে তার ২ বছর ৩ মাস ১৬ দিনের মেয়াদকালে তিনি অসংখ্য কার্যকরী, চ্যালেঞ্জিং এবং উদ্ভাবনী উদ্যোগ নিয়েছেন যা অগ্রণী ব্যাংককে কার্যত অগ্রগতি ও সমৃদ্ধির পথে এগিয়ে নিয়েছে। তার চাকুরী জীবনে সততার চর্চা কর্মদৃষ্টান্ত একটি উদাহরণ হয়ে

## অফিসার সমিতির সাধারণ সম্পাদক মোবারক হোসেনের পিআরএল গমন

অগ্রণী ব্যাংক অফিসার সমিতি কেন্দ্রীয় পরিষদের সাধারণ সম্পাদক মো. মোবারক হোসেনের ৯ ফেব্রুয়ারি পিআরএল গমন উপলক্ষে প্রধান শাখায় এক বিদায় সংবর্ধনা অনুষ্ঠিত হয়। অফিসার সমিতি কেন্দ্রীয় পরিষদ আয়োজিত এ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে ভার্চুয়ালি বক্তব্য রাখেন ব্যবস্থাপনা পরিচালক এবং সিইও মোহম্মদ শামস্-উল ইসলাম। অফিসার সমিতির ভারপ্রাপ্ত সভাপতি রাশেদ আহমেদ সালেহ এর সভাপতিত্বে ও যুগ্ম-সাধারণ সম্পাদক এম এন তারিকুল ইসলামের সঞ্চালনায় অনুষ্ঠানে উর্ধ্বতন নির্বাহী, বিভিন্ন সংগঠনের নেতৃবৃন্দ এবং কর্মকর্তা-কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।

## ঠাকুরগাঁওয়ে স্টেশন রোড শাখার উদ্বোধন




নতুন উদ্বোধনকৃত স্টেশন রোড শাখা,

ঠাকুরগাঁও অঞ্চলাধীন অগ্রণী ব্যাংকের ৯৬৩ তম শাখা হিসেবে স্টেশন রোড শাখার কার্যক্রম শুরু হয়েছে। বাংলাদেশ ব্যাংকের অনুমোদনক্রমে ২৭ মার্চ ২০২২ তারিখ হতে একটি শহুরে শাখা হিসেবে এটি কার্যক্রম শুরু করে। ব্যাংকের প্ল্যানিং কো-অর্ডিনেশন এন্ড মার্কেটিং ডিভিশনের তথ্যমতে স্টেশন রোড শাখার কোড নং ১১১৯-১ এবং ইমেইল নং 11191@bangla.net।

# সুবর্ণজয়ন্তীর বিশেষ প্রতিবেদন

## নতুন সাজে বঙ্গবন্ধু কর্নার





অগ্রণী ব্যাংক ভবনের ষষ্ঠ তলায় স্থাপিত নতুন সাজে সজ্জিত বঙ্গবন্ধু কর্নার

অগ্রণী ব্যাংক ভবনের ষষ্ঠ তলায় স্থাপিত বঙ্গবন্ধু কর্নার যা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক নির্দেশিত দেশের সরকারি অফিস, বিদেশে অবস্থিত দূতাবাস ও বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত বঙ্গবন্ধু কর্নার -এর জন্য এটি একটি রোল মডেল। ২০১০ সালে অগ্রণী ব্যাংকের মৌলভীবাজার আঞ্চলিক কার্যালয়ে এই বঙ্গবন্ধু কর্নার ভাবনার বাস্তব রূপায়ন করেন মোহম্মদ শামস্-উল ইসলাম যিনি তখন অগ্রণী ব্যাংকের সিলেট সার্কেলের মহাব্যবস্থাপক ছিলেন । অগ্রণী ব্যাংক ভবনে স্থাপিত বঙ্গবন্ধু কর্নারে রয়েছে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে নিয়ে লেখা প্রায় ৪০০টি বই, বহুসংখ্যক জার্নাল ও স্মরণিকা, বঙ্গবন্ধুর ছবি মুদ্রিত অ্যালবাম, বঙ্গবন্ধুকে নিয়ে নির্মিত অডিও ভিডিও ক্যাসেটের সিডি ইত্যাদি। এক পাশে রয়েছে ঐতিহাসিক ৭ মার্চের বঙ্গবন্ধুর ভাষণ সম্বলিত একটি বড় ছবি ও ১১৭ কেজি ওজনের একটি আবক্ষ ব্রোঞ্জের ভাস্কর্য যা বঙ্গবন্ধুর মহীয়ান ব্যক্তিত্বকে ফুটিয়ে তুলেছে। এখানে পাঠকের জন্য বই পাঠের পর্যাপ্ত চেয়ার টেবিল রয়েছে। ভাস্কর্যটি নির্মাণ করেছেন শিল্পী আশরাফুল আলম পপলু এবং ভাস্কর মানবেন্দ্র ঘোষ।

বঙ্গবন্ধু কর্নারে সম্প্রতি নতুন করে আরও যুক্ত হয়েছে বঙ্গবন্ধুর বৃহদাকারের একটি থ্রিডি ছবি যা কিনা তিনদিক থেকে আলাদা প্রতিচ্ছবি ফুটে উঠে। এছাড়া রয়েছে ডিজিটাল ই-বুক। এই ই-বুকটিতে বঙ্গবন্ধুর জন্ম থেকে রাজনৈতিক প্রেক্ষাপট যথা '৫২ এর ভাষা আন্দোলন, '৬৬ এর ছয় দফা, '৭০ এর নির্বাচন, ৭ মার্চের ভাষণ, ২৫ মার্চ গণহত্যা, ২৬ মার্চ স্বাধীনতা ঘোষণা , ১৬ ডিসেম্বর বিজয় দিবস, '৭৫ এর নির্মম হত্যাকান্ড সহ বিভিন্ন ইতিহাস তুলে ধরা হয়েছে। আরও রয়েছে বঙ্গবন্ধুকে নিয়ে বিশ্ব নেতৃবৃন্দদের উক্তি।

## অগ্রণী ব্যাংকে গত পাঁচ বছরে ৪৫ বছরের অগ্রগতি



মোহম্মদ শামস্-উল ইসলাম

রাষ্ট্রায়ত্ত অগ্রণী ব্যাংক লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক মোহম্মদ শামস্-উল ইসলাম। তিনি ব্যাংকের দায়িত্ব নেয়ার পর নানাবিধ কার্যক্রম পরিচালনা হয়েছে দ্রুততার সঙ্গে। ব্যাংকের দৃশ্যমান অগ্রগতি হয়েছে। তার উদ্ভাবিত বঙ্গবন্ধু কর্নার জনপ্রিয়তা পেয়েছে। প্রথম অগ্রণী ব্যাংকে তিনি প্রতিষ্ঠা করেন এই বঙ্গবন্ধু কর্নার। এখন সারা দেশে বিভিন্ন প্রতিষ্ঠানে স্থাপিত হয়েছে বঙ্গবন্ধু কর্নার। ব্যাংকের ডিজিটা-লাইজেশন এবং এজেন্ট ব্যাংকিংয়ে প্রতিষ্ঠানটিকে নিয়ে এসেছেন দেশের শীর্ষ স্থানে। ঋণ বিতরণ ও বিনিয়োগে অগ্রণী ব্যাংকের অন্য যে কোনো ব্যাংকের তুলনায় বেশি। সবার অগ্রে থাকার লক্ষ্য নিয়ে ১৯৭২ সালে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নবগঠিত ব্যাংকটির নাম রেখে-ছিলেন অগ্রণী । সেই লক্ষ্যে গত পাঁচ বছরে বিপুল কর্মযজ্ঞ বাস্তবায়নের দ্বারপ্রান্তে পৌঁছেছে। তাকে 'বেস্ট ব্যাংকার' হিসেবেঅষ্টম ইন্টারন্যাশনাল গোল্ড মেডেল অ্যাওয়ার্ড-২০১৮ তে ভূষিত করেছে ড. ওয়াজেদ মিয়া মেমোরিয়াল ফাউন্ডেশন। এসব বিষয় নিয়ে বিভিন্ন জাতীয় পত্র-পত্রিকায় কথা বলেছেন মোহম্মদ শামস্-উল ইসলাম। বঙ্গবন্ধু কর্নারের নন্দিত

উদ্ভাবক হিসেবে দেশব্যাপী সমাদৃত হয়েছেন। বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা বিনির্মাণে প্রধানমন্ত্রী শেখ হাসিনার বলিষ্ঠ অগ্রযাত্রার যোগ্য সারথী হিসেবে ব্যাংকটিকে তিনি নিয়ে এসেছেন সম্মুখ সারিতে। ২০১৬ সালের আগস্টে দায়িত্ব পাওয়ার পর পাঁচ বছর চার মাসের পথপরিক্রমায় তিনি প্রয়োজনীয় সমর্থন ও দিকনির্দেশনা পেয়েছেন বিশিষ্ট অর্থনীতিবিদ ও গবেষক ড. জায়েদ বখ্‌তের নেতৃত্বাধীন অভিজ্ঞ পর্ষদের।

বঙ্গবন্ধু কর্নারের নন্দিত উদ্ভাবক হিসেবে দেশব্যাপী সমাদৃত হয়েছেন। বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা বিনির্মাণে প্রধানমন্ত্রী শেখ হাসিনার বলিষ্ঠ অগ্রযাত্রার যোগ্য সারথী হিসেবে ব্যাংকটিকে তিনি নিয়ে এসেছেন সম্মুখ সারিতে। ২০১৬ সালের আগস্টে দায়িত্ব পাওয়ার পর পাঁচ বছর চার মাসের পথপরিক্রমায় তিনি প্রয়োজনীয় সমর্থন ও দিকনির্দেশনা পেয়েছেন বিশিষ্ট অর্থনীতিবিদ ও গবেষক ড. জায়েদ বখ্‌ত এর নেতৃত্বাধীন অভিজ্ঞ পর্ষদের। মোহম্মদ শামস-উল ইসলাম মনে করেন, স্বাধীনতার পর থেকে ৪৫ বছরে ব্যাংকটিতে যা কাজ হয়েছে অনেক ক্ষেত্রেই তার তুলনায় বেশি কাজ হয়েছে গত পাঁচ বছরে। যে কারণে এই পাঁচ বছরে সাফল্যও ধরা দিয়েছে সবচেয়ে বেশি। করোনা মহামারিসহ নানামুখী প্রতিকূলতা অতিক্রম করে ব্যাংকটির কর্মকর্তা-কর্মচারীদের সমন্বিত প্রচেষ্টায় সাম্প্রতিক সময়ে আর্থিক খাতের আইকনিক প্রতিষ্ঠানে রূপ নিয়েছে। রেমিট্যান্স আহরণ , আমানত , আমদানি-রপ্তানি বাণিজ্য, গ্রীন ব্যাংকিং, অনাদায়ী ঋণ আদায়, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ সূচকে শীর্ষে রয়েছে। মধ্যমেয়াদে দেশের দ্বিতীয় বৃহত্তম এবং দীর্ঘমেয়াদে দেশের সর্ববৃহৎ আর্থিক প্রতিষ্ঠানে রূপান্তরিত করার লক্ষ্য বাস্তবায়নের প্রয়োজনীয় ভিত গড়ে দিতে নিরবিচ্ছিন্ন গতিতে কাজ এগিয়ে চলছে। ব্যাংকসূত্রে জানা যায়, ১৯৭২ থেকে ২০১৬ সাল পর্যন্ত ৪৫ বছরের তুলনায় ২০১৭ সাল থেকে ২০২১ সাল পর্যন্ত পাঁচ বছরে ব্যাংকটির আমানত বেড়েছে ১০৪ শতাংশ, ঋণ ও অগ্রিম বেড়েছে ১২৫ শতাংশ, বিনিয়োগ বেড়েছে ৭২ শতাংশ, মোট সম্পদ বেড়েছে ৯২ শতাংশ, গ্রামীণ ঋণ বিতরণ বেড়েছে ৫৮ শতাংশ, শিল্প ঋণ বেড়েছে ১০৬ শতাংশ এবং এসএমই খাতে অগ্রিম বেড়েছে ১৬০ শতাংশ। পাশাপাশি লোকসানি শাখা কমেছে ৭৭ শতাংশ। শ্রেণিকৃত ঋণের হার ২৯ শতাংশ থেকে কমে ১৩ শতাংশে নেমেছে। অর্থাৎ অনেক ক্ষেত্রেই ৪৫ বছরে যা অগ্রগতি হয়েছে তার চেয়ে বেশি অগ্রগতি হয়েছে গত পাঁচ বছরে।

অগ্রণী ব্যাংকের সিইও বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা তার ওপর যে দায়িত্বগুলো অর্পণ করেছেন সেগুলো যথাযথভাবে পালন করার চেষ্টা করে যাচ্ছি। একই সঙ্গে ব্যাংকে গুড গভর্নেন্স বাস্তবায়নে আমরা বেশ উন্নতি করেছি। আমি খুবই সৌভাগ্যবান যে, আমি অগ্রণী ব্যাংকে একটি ভালো পর্ষদ পেয়েছি যারা প্রতিনিয়ত ব্যাংককে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য যথোপযুক্ত দিকনির্দেশনা দিয়ে যাচ্ছেন। যে কারণে অনেক সমস্যাই আমরা কাটিয়ে উঠতে পেরেছি। ১৯৭২ সাল থেকে ২০১৬ সাল পর্যন্ত ৪৫ বছরে আমানত বেড়েছে ৪৯ হাজার ৩০৯ কোটি টাকা। অন্যদিকে ২০১৭ সাল থেকে ২০২১ সালের ডিসেম্বর পর্যন্ত পাঁচ বছরে আমানত বেড়েছে ৫১ হাজার ৫৫৪ কোটি টাকা। ৪৫ বছরের তুলনায় পাঁচ বছরে আমানত বেশি সংগ্রহ হয়েছে ২ হাজার ২৩৫ কোটি টাকা। ২০২১ সালের মে মাসে দেশের তৃতীয় ব্যাংক হিসেবে লাখ কোটি টাকার আমানতের মাইলফলক অতিক্রম করে অগ্রণী ব্যাংক। ২০২১ সালের ডিসেম্বর শেষে ব্যাংকটির আমানত ১ লাখ ৯৫৯ কোটি টাকায় দাঁড়িয়েছে। অথচ এই সময়ে আমানত ধরে রাখাই ছিল চ্যালেঞ্জ। কারণ ২০২০ সালের জানুয়ারি থেকে সরকারি আমানতের ৫০ শতাংশ পর্যন্ত বেসরকারি ব্যাংকে জমা রাখার বিধান করে অর্থ মন্ত্রণালয়। বেসরকারি ব্যাংকে আমানতে সুদ হারও দশমিক ৫ শতাংশ বেশি বেঁধে দেয়া হয়। এসবের সঙ্গে করোনা মহামারির কঠিন চ্যালেঞ্জ মোকাবিলা করেই আমানত দ্বিগুণের বেশি বাড়াতে পেরেছি।

মোহম্মদ শামস্-উল ইসলাম বলেন, শুধু আমানত বৃদ্ধি করে ব্যাংকের ভিত মজবুত করা নয়, বিপুল ঋণ বিতরণের মাধ্যমে দেশে বিনিয়োগ ও কর্মসংস্থান বাড়িয়ে অর্থনৈতিক উন্নয়নের অগ্রযাত্রায় কার্যকরী ভূমিকা রাখতে সক্ষম হয়েছি। ৪৫ বছরে ব্যাংক প্রদত্ত ঋণ ও অগ্রিম বেড়েছে ২৬ হাজার ৫১০ কোটি টাকা। অথচ ২০১৭ সাল থেকে ২০২১ সালের ডিসেম্বর পর্যন্ত মাত্র পাঁচ বছরে ঋণ ও অগ্রিম বেড়েছে ৩৩ হাজার ২০৩ কোটি টাকা যা দেশের জিডিপির ১ দশমিক ১২ শতাংশ। ৪৫ বছরের তুলনায় ৫ বছরে বিতরণ বেশি হয়েছে ৬ হাজার ৬৯৩ কোটি টাকা। ২০২১ সালের ডিসেম্বর শেষে ব্যাংকটির মোট বিতরণকৃত ঋণ ও অগ্রিমের পরিমাণ ৫৯ হাজার ৭৯০ কোটি টাকা। গত পাঁচ বছরে ব্যাংকের মোট সম্পদও বেড়েছে বিপুল পরিমাণে। ৪৫ বছরে যেখানে সম্পদ বেড়েছে ৬২ হাজার ২২০ কোটি টাকা সেখানে মাত্র পাঁচ বছরে বেড়েছে ৫৭ হাজার ১১৩ কোটি টাকা। ব্যাংকটির লোকসানি শাখাও কমেছে। পাঁচ বছরে লোকসানি শাখা ৬০টি কমে ১৮টিতে নেমেছে। এদিকে ২০১৬ সালে অগ্রণী ব্যাংকের খেলাপি ঋণের হার ছিল ২৯ শতাংশ যা ২০২১ সালের ডিসেম্বরে এসে ১৩ শতাংশে নেমেছে। পাঁচ বছরে খেলাপি ঋণ কমেছে ১৬ শতাংশ। করোনা মহামারি না থাকলে বিগত বছর শেষেই শ্রেণিকৃত ঋণ আমরা সিঙ্গেল ডিজিটে নামিয়ে আনতে পারতাম। চলতি বছর শ্রেণিকৃত ঋণ সিঙ্গেল ডিজিটে নামিয়ে আনাই হবে আমাদের লক্ষ্য।

তিনি আরও বলেন, বিভিন্ন সূচকে অসামান্য অগ্রগতির কারণে অগ্রণী ব্যাংক লিমিটেড গত পাঁচ বছরে অনেক সম্মাননা ও পুরস্কার পেয়েছে। এর মধ্যে ২০১৭ সালে অ্যারাবিয়ান ব্যাংকার অ্যাওয়ার্ড, ২০১৮ সালে বাংলাদেশ ব্যাংক রেমিট্যান্স অ্যাওয়ার্ড, সিটি ব্যাংক এনএ পারফরমেন্স এক্সিলেন্স অ্যাওয়ার্ড, ২০১৯ সালে আইসিএমএবি বেস্ট কর্পোরেট অ্যাওয়ার্ড উল্লেখযোগ্য। প্রথমবারের মতো অগ্রণী ব্যাংক অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০১৯-২০২০ এর মূল্যায়নে প্রথম স্থান অর্জন করে। আর বৈদেশিক রেমিট্যান্স আহরণে অগ্রণী ব্যাংক বিগত কয়েক বছরে ধারাবাহিকভাবে রাষ্ট্রমালিকানাধীন ব্যাংকগুলোর মধ্যে প্রথম এবং দেশের সব সরকারি-বেসরকারি ব্যাংকের মধ্যে দ্বিতীয় স্থান অধিকার করে আছে। ২০২০ সালে দেশীয় ব্যাংকগুলোর মধ্যে সবুজ অর্থায়নে প্রথম স্থান অর্জন করেছে। এ ছাড়া ২০১৯-২০২০ অর্থবছরে সরকার ঘোষিত প্রণোদনা প্যাকেজের সিএমএসএমই ঋণ বিতরণে প্রথম হয়েছে। বাংলাদেশ ব্যাংক কর্তৃক এ বিষয়ে অগ্রণী ব্যাংককে সম্মাননা প্রদান করা হয়েছে। অগ্রণী ব্যাংক রাষ্ট্র মালিকানাধীন ব্যাংকসমূহের মধ্যে অনলাইন ব্যাংকিংয়ে প্রথম, এজেন্ট ব্যাংকিংয়ে প্রথম, রেমিট্যান্স আহরণে ধারাবাহিকভাবে প্রথম হয়ে আসছে। অগ্রণী ব্যাংক পরপর চার বছর আইসিএবিঅ্যাওয়ার্ড অর্জন করেছে। বিশিষ্ট এই ব্যাংকার বলেন, বঙ্গবন্ধুর আদর্শ হৃদয়ে ধারণ করার ফলেই পাঁচ বছরে এত অর্জন সম্ভব হয়েছে। কারণ, কীভাবে দেশকে ভালোবাসতে হয়, মানুষকে ভালোবাসতে হয় সেই আদর্শ স্থাপন করে গেছেন জাতির পিতা। যে কেউ বঙ্গবন্ধুর আদর্শ হৃদয়ে ধারণ করবে তার পক্ষেই সম্ভব হবে দেশের ও দেশের মানুষকে সেবা দেয়ার। আগামী ২০৪১ সালের মধ্যে উন্নত দেশ হওয়ার স্বপ্ন দেখতেই পারে বাংলাদেশ।

*মোহম্মদ শামস্-উল ইসলাম, ব্যবস্থাপনা পরিচালক এবং সিইও*
*অগ্রণী ব্যাংক লিমিটেড*
*সাক্ষাৎকার সূত্র: দৈনিক বাংলাদেশ প্রতিদিন, ২৪ মার্চ ২০২২*

# নতুন পরিচালক

## মোহাম্মদ মাসুদ রানা চৌধুরী অগ্রণী ব্যাংকের নতুন পরিচালক



মোহাম্মদ মাসুদ রানা চৌধুরী

তিন বছরের জন্য অগ্রণী ব্যাংকের নতুন পরিচালক হিসেবে ২২ ফেব্রুয়ারি যোগদান করেছেন মোহাম্মদ মাসুদ রানা চৌধুরী। ১ ফেব্রুয়ারি ২০২২ অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের এক প্রজ্ঞাপনে তাকে নিয়োগ দেয়া হয়।

মোহাম্মদ মাসুদ রানা চৌধুরী অর্থ মন্ত্রণালয়ের অর্থনৈতিক সম্পর্ক বিভাগের (ইআর-ডি) যুগ্মসচিব হিসেবে কর্মরত ছিলেন। তিনি ২০০৮ থেকে ২০১২ সাল পর্যন্ত বেলজিয়ামে বাংলাদেশ দূতাবাসের ফার্স্ট সেক্রেটারি, ২০১৪ থেকে ২০১৮ পর্যন্ত পরিকল্পনা মন্ত্রীর কার্যালয়ের ডেপুটি চিফ, ২০১৮ থেকে ২০১৯ দক্ষিণ কোরিয়ার বাংলাদেশ দূতাবাসের বাণিজ্যিক পরামর্শক ছিলেন। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে অর্থনীতিতে অনার্স ও এমএসসি এবং অস্ট্রেলিয়ার ইউনিভার্সিটি অব সিডনি থেকে একই বিষয়ে এমএস সম্পন্ন করেন। উল্লেখ্য মোহাম্মদ মাসুদ রানা চৌধুরীসহ অগ্রণী ব্যাংকের পরিচালনা পর্ষদের সদস্য এখন নয়জন।

# চুক্তি

## অগ্রণী ব্যাংকের নেতৃত্বে রাষ্ট্রায়ত্ত পাঁচ ব্যাংকের সঙ্গে বসুন্ধরা গোল্ডের সিন্ডিকেট ঋণচুক্তি




বসুন্ধরা গোল্ড রিফাইনারি লিমিটেডের সঙ্গে রাষ্ট্রায়ত্ত পাঁচ ব্যাংকের সিন্ডিকেট ঋণচুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে বসুন্ধরা গ্রুপের চেয়ারম্যান ও এমডি এবং পাঁচ ব্যাংকের এমডি সহ অন্যান্য অতিথিগণ

বসুন্ধরা গোল্ড রিফাইনারি লিমিটেডের সঙ্গে রাষ্ট্রায়ত্ত পাঁচ ব্যাংকের ৩ হাজার ৩২ কোটি টাকার সিন্ডিকেট ঋণচুক্তি স্বাক্ষরিত হয়েছে। অগ্রণী ব্যাংকের লিড অ্যারেঞ্জে অন্য ব্যাংকগুলো হচ্ছে সোনালী ব্যাংক, জনতা ব্যাংক, রূপালী ব্যাংক এবং বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক। ৩০ মার্চ ২০২২ র‌্যাডিসন ব্লু হোটেলে এ চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বসুন্ধরা গ্রুপের চেয়ারম্যান আহমেদ আকবর সোবহান। অনুষ্ঠানে বসুন্ধরা গোল্ড রিফাইনারি লিমিটেডের চেয়ারম্যান ও বসুন্ধরা গ্রুপের ব্যবস্থাপনা পরিচালক সায়েম সোবহান আনভীর এবং অগ্রণী ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক এবং সিইও মোহম্মদ শামস্-উল ইসলাম, সোনালী ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক ও সিইও মো. আতাউর রহমান প্রধান, জনতা ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক এবং সিইও মো. আব্দুছ ছালাম আজাদ, রূপালী ব্যাংকের ব্যবস্থাপনা পরিচা-লক এবং সিইও মো. ওবায়েদ উল্লাহ আল মাসুদ এবং বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক কাজী আলমগীর নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষে চুক্তি স্বাক্ষর করেন। শুভেচ্ছা বক্তব্য রাখেন অগ্রণী ব্যাংকের মহাব্যবস্থাপক (ক্রেডিট) ড. মো. আব্দুল্লাহ আল মামুন। এসময় পাঁচ ব্যাংকের উপব্যবস্থাপনা পরিচালকগণ , উর্ধ্বতন নির্বাহীবৃন্দ সহ বসুন্ধরা গ্রুপের উর্ধ্বতন নির্বাহী, কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

# সভা ও সম্মেলন

## কুষ্টিয়া ও চুয়াডাঙ্গা অঞ্চলের শাখা ব্যবস্থাপক সম্মেলন




স্টেশন রোড শাখা, কুষ্টিয়ার নাম পরিবর্তণ করে চৌড়হাস শাখা হিসেবে নামকরণ করে নতুন ভবনে উদ্বোধন




কুষ্টিয়া ও চুয়াডাঙ্গা অঞ্চলাধীন ব্যবস্থাপক সম্মেলনের দৃশ্য

অগ্রণী ব্যাংকের কুষ্টিয়া ও চুয়াডাঙ্গা অঞ্চলাধীন শাখাগুলোর ব্যবস্থাপকদের নিয়ে সম্মেলন ও মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। ২২ জানুয়ারি অনুষ্ঠিত এ সভায় প্রধান অতিথি ছিলেন ব্যবস্থাপনা পরিচালক এবং সিইও মোহম্মদ শামস্-উল ইসলাম। এর আগে তিনি কুষ্টিয়ায় স্টেশন বাজার শাখার নাম পরিবর্তীত চৌড়হাস শাখা উদ্বোধন করেন। এসময় তিনি মুজিব জন্মশতবর্ষে কৃষি সমৃদ্ধ এবং লালন ও রবীন্দ্রনাথ ধন্য কুষ্টিয়া অঞ্চলের মানুষকে ব্যাংকিং সেবা প্রদান করে এ অঞ্চলকে আরও সমৃদ্ধ করে গড়ে তোলার আহ্বান জানান।

অনুষ্ঠান শেষে তিনি কুষ্টিয়া অঞ্চলের বিভিন্ন শাখার গ্রাহক প্রতিষ্ঠান দেশ এগ্রো, সুবর্ণ অটো রাইস মিলস, কেএনবি এগ্রো এবং রশীদ এগ্রো কারখানা পরিদর্শন করেন।

সভায় উপব্যবস্থাপনা পরিচালক মো. আনোয়ারুল ইসলাম, মহ-াব্যবস্থাপক মো. মনোয়ার হোসেন এফসিএ (খুলনা সার্কেল), ড. মো. আব্দুল্লাহ আল মামুন (ক্রেডিট) ও মো. আশেক এলাহী (রিকভারি), কুষ্টিয়া অঞ্চলের উপমহাব্যবস্থাপক মো. অহিদুর রহমান সহ ব্যাংকের কর্মকর্তা-কর্মচারী এবং বিপুল সংখ্যক গ্রাহক উপস্থিত ছিলেন।

## খুলনা সার্কেলের ভার্চুয়াল সভা



খুলনা সার্কেলের ভার্চুয়াল সভার একাংশ

অগ্রণী ব্যাংকের খুলনা সার্কেলের বাৎসরিক পারফরম্যান্স নিয়ে এক ভার্চুয়াল সভা অনুষ্ঠিত হয়। ২৭ জানুয়ারি অনুষ্ঠিত এ সভায় প্রধান অতিথি হিসেবে সংযুক্ত ছিলেন ব্যবস্থাপনা পরিচালক এবং সিইও মোহম্মদ শামস্-উল ইসলাম। পর্যালোচনা এবং মূল্যায়ন সভায় উপব্যবস্থাপনা পরিচালক মো. আনোয়ারুল ইসলাম এবং খুলনা সার্কেলের মহাব্যবস্থাপক মো. মনোয়ার হোসেন, এফসিএ, সার্কেলের অন্তর্গত সকল শাখা ব্যবস্থাপক, কর্পোরেট শাখা এবং সার্কেল প্রধান ও অন্যান্য নির্বাহীগণ উপস্থিত ছিলেন।

ব্যবস্থাপনা পরিচালক বিগত বছরের অগ্রণী ব্যাংকের পারফরম্যান্স নিয়ে সন্তোষ প্রকাশ করে বলেন, বঙ্গবন্ধুর সোনার বাংলা বিনির্মাণে মাননীয় প্রধানমন্ত্রীর নেতৃত্বে অর্থনৈতিক মুক্তির লক্ষ্যে অগ্রণী ব্যাংক সর্বাত্মক সেবা প্রদানে প্রস্তুত। তিনি ব্যাংকিং সেবাকে জনগনের ঘরে ঘরে পৌঁছে দেয়া এবং সেবার ক্রমাগত মান উন্নয়নে ব্যাংকের সকলকে সর্বদা মনোযোগী হওয়ার আহ্বান জানান।

# ট্রেনিং ও কর্মশালা


## মামলা ব্যবস্থাপনা শীর্ষক কর্মশালা



ভার্চুয়াল কর্মশালার একাংশ

অগ্রণী ব্যাংক ট্রেনিং ইনস্টিটিউটের (এবিটিআই) উদ্যোগে Suit Management শীর্ষক একটি ভার্চুয়াল কর্মশালা অনুষ্ঠিত হয়। ৩১ জানুয়ারি কর্মশালার উদ্বোধন করেন ব্যবস্থাপনা পরিচালক এবং সিইও মোহম্মদ শামস্-উল ইসলাম। উদ্বোধনী বক্তব্যে তিনি প্রশিক্ষণার্থীদের আরও সতর্কতার সাথে ব্যাংকিং সেবা প্রদানের পাশাপাশি চলমান মামলা অগ্রণী ব্যাংক ট্রেনিং ইনস্টিটিউট (এবিটিআই) কর্তৃক আয়োজিত International Trade Payment & Financing শীর্ষক ১০ কর্মদিবসব্যাপী ভার্চুয়াল প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়। ২২ ফেব্রুয়ারি ২০২২ কোর্সের সমাপনী দিনে প্রধান অতিথি হিসেবে ছিলেন পরিচালনা পর্ষদ চেয়ারম্যান ড. জায়েদ বখ্‌ত। তিনি বলেন, বর্তমান প্রতিযোগিতামূলক বৈশ্বিক বাণিজ্যে এই কোর্স প্রশিক্ষণার্থীদেরকে আরও বেশি দক্ষ করে তুলবে। কর্মকর্তাদের নিজ নিজ দায়িত্বে সচেষ্ট ও সচেতন থেকে কাজ করার পাশাপাশি তিনি অগ্রণী ব্যাংকের সাফল্য সম্পর্কে আলোকপাত করেন এবং ব্যবসা বৃদ্ধির লক্ষ্যে সকলকে প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদান করেন। এবিটিআই এর পরিচালক ও উপ-মহাব্যবস্থাপক সুপ্রভা সাঈদের সভাপতিত্বে অনুষ্ঠানে সংযুক্ত ছিলেন উপ-ব্যবস্থাপনা পরিচালক মো. হাবিবুর রহমান গাজী। উল্লেখ্য, এর আগে কর্মশালার উদ্বোধন করেন ব্যবস্থাপনা পরিচালক এবং সিইও মোহম্মদ শামস্-উল ইসলাম। হ্রাস করার বিষয়ে অধিকতর সচেতন ও উদ্যোগী হওয়ার নির্দেশনা প্রদান করেন। এবিটিআই-এর উপমহাব্যবস্থাপক এবং পরিচালক সুপ্রভা সাঈদের সভাপতিত্বে কর্মশালায় মহাব্যবস্থাপক (সিএফও) মো. মনোয়ার হোসেন, এফসিএ সহ প্রশিক্ষণার্থীরা অংশ নেন।

## ইন্টারন্যাশনাল ট্রেড পেমেন্ট এন্ড ফাইন্যান্সিং শীর্ষক প্রশিক্ষণ কর্মশালা



ভার্চুয়াল প্রশিক্ষণ কর্মশালার একাংশ

অগ্রণী ব্যাংক ট্রেনিং ইনস্টিটিউট (এবিটিআই) কর্তৃক আয়োজিত International Trade Payment & Financing শীর্ষক ১০ কর্মদিবসব্যাপী ভার্চুয়াল প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়। ২২ ফেব্রুয়ারি ২০২২ কোর্সের সমাপনী দিনে প্রধান অতিথি হিসেবে ছিলেন পরিচালনা পর্ষদ চেয়ারম্যান ড. জায়েদ বখ্‌ত। তিনি বলেন, বর্তমান প্রতিযোগিতামূলক বৈশ্বিক বাণিজ্যে এই কোর্স প্রশিক্ষণার্থীদেরকে আরও বেশি দক্ষ করে তুলবে। কর্মকর্তাদের নিজ নিজ দায়িত্বে সচেষ্ট ও সচেতন থেকে কাজ করার পাশাপাশি তিনি অগ্রণী ব্যাংকের সাফল্য সম্পর্কে আলোকপাত করেন এবং ব্যবসা বৃদ্ধির লক্ষ্যে সকলকে প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদান করেন। এবিটিআই এর পরিচালক ও উপ-মহাব্যবস্থাপক সুপ্রভা সাঈদের সভাপতিত্বে অনুষ্ঠানে সংযুক্ত ছিলেন উপ-ব্যবস্থাপনা পরিচালক মো. হাবিবুর রহমান গাজী। উল্লেখ্য, এর আগে কর্মশালার উদ্বোধন করেন ব্যবস্থাপনা পরিচালক এবং সিইও মোহম্মদ শামস্-উল ইসলাম।

## শাখা ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ কর্মশালা

অগ্রণী ব্যাংক ট্রেনিং ইনস্টিটিউট (এবিটিআই) কর্তৃক আয়োজিত শাখা ব্যবস্থাপনায় নেতৃত্বের মানোন্নয়ন শীর্ষক ১০ দিনব্যাপী ভার্চুয়াল প্রশিক্ষণ কর্মশালার উদ্বোধন করা হয়। ১৩ মার্চ ২০২২ কর্মশালার উদ্বোধন করেন পরিচালনা পর্ষদের চেয়ারম্যান ড. জায়েদ বখ্‌ত। তিনি বলেন দেশের অর্থনৈতিক উন্নয়নে ব্যাংকের শাখা ব্যবস্থাপনার গুরুত্ব অপরিসীম। ব্যবস্থাপকগণ নেতৃত্বের গুণাবলী অর্জন করে ব্যাংককে এগিয়ে নিয়ে যাবেন। যা তাদের নিজের পেশাগত উন্নয়নকেও ত্বরান্বিত করবে। এবিটিআই এর পরিচালক ও উপ-মহাব্যবস্থাপক সুপ্রভা সাঈদের সভাপতিত্বে কর্মশালায় বক্তব্য রাখেন ক্রেডিট রিস্ক ম্যানেজমেন্ট ডিভিশনের মহাব্যবস্থাপক মো. দিদারুল ইসলাম। কর্মশালায় দেশের বিভিন্ন অঞ্চলের শাখা ব্যবস্থাপকগণ অংশ নেন।



ভার্চুয়াল প্রশিক্ষণ কর্মশালার একাংশ

# বিজনেস অপারেশন ইন আবাবিল সফটওয়্যার শীর্ষক কর্মশালা




এবিটিআই-এ বিজনেস অপারেশন ইন আবাবিল কর্মশালার উদ্বোধন অনুষ্ঠানে বক্তব্য রাখছেন ব্যবস্থাপনা পরিচালক এবং সিইও মোহম্মদ শামস্-উল ইসলাম

অগ্রণী ব্যাংক ট্রেনিং ইনস্টিটিউটে (এবিটিআই) ইসলামী শরীয়াহ্ ভিত্তিক ব্যাংকিং ব্যবসা পরিচালনায় ৫ দিনব্যাপী Business Operation in Ababil Software শীর্ষক প্রশিক্ষণ কর্মশালা শুরু হয়। ২০ মার্চ ২০২২ কর্মশালার উদ্বোধন করেন ব্যবস্থাপনা পরিচালক এবং সিইও মোহম্মদ শামস্-উল ইসলাম। তিনি রাষ্ট্র মালিকানাধীন সক্ষমতা অর্জনের পাশাপাশি গ্রাহকদেরকে অবগত ও উদ্বুদ্ধকরণের মাধ্যমে ব্যাংকিং ব্যবসা সম্প্রসারণে ব্যাপক ভূমিকা রাখার পরামর্শ প্রদান করেন। এবিটিআই-এর পরিচালক ও উপমহাব্যবস্থাপক সুপ্রভা সাঈদের তত্ত্বাবধানে কর্মশালায় দেশের বিভিন্ন অঞ্চলের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ অংশ নেন।

# জানুয়ারি-মার্চ কোয়ার্টারে অন্যান্য ভার্চুয়াল প্রশিক্ষণ কর্মশালা

অগ্রণী ব্যাংক ট্রেনিং ইনস্টিটিউট (এবিটিআই) জানুয়ারি হতে মার্চ ২০২২ পর্যন্ত ভার্চুয়াল ২৮টি কোর্সের ওপর কর্মশালার আয়োজন করে। ব্যবস্থাপনা পরিচালক এবং সিইও মোহম্মদ শামস্-উল ইসলামের দিকনির্দেশনায় ও এবিটিআই-এর পরিচালক ও উপমহাব্যবস্থাপক সুপ্রভা সাঈদের তত্ত্বাবধানে কর্মশালাগুলোতে প্রধান কার্যালয়, সার্কেল, আঞ্চলিক কার্যালয় ও বিভিন্ন শাখার ১ হাজার ৭৭৫ জন কর্মকর্তা প্রশিক্ষণার্থী হিসেবে অংশনেনে। জুম ওয়েবিনারের মাধ্যমে ভার্চুয়াল এ কর্মশালার উল্লেখযোগ্য কোর্সগুলোর মধ্যে রয়েছে 4th Industrial Revolution Preparedness and Challenges, BASEL-III Accord and Stress Testing, Annul Performance Agreement (APA), Entrepreneurship Development and CMSME loan Management, Development of Leadership Quality of Branch Management, Development of Foreign Trade, Sustainable Finance and Green Banking, International Trade and Financing, Refreshers Training on AML and CFT for BAMLCO, Promoting Ethical Issues, NIS and Gender Equality, Fire Safety, Internal Credit Risk Rating System (ICRRS), Business Operation in Ababil Software, Issuance and Encashment of Sanchauapatra, Islamic Bond, Wage Earner Bond, US Dollar Premimum Bond and A Chalan ইত্যাদি। কর্মশালাগুলোতে অগ্রণী ব্যাংকের পর্ষদ চেয়ারম্যান, ব্যবস্থাপনা পরিচালক এবং সিইও থেকে শুরু করে উপব্যবস্থাপনা পরিচালক, মহাব্যবস্থাপকসহ বিভিন্ন পর্যায়ের নির্বাহীগণ রিসোর্স পারসন হিসেবে অংশগ্রহণ করেন। সরকারের উর্ধ্বতন কর্মকর্তাসহ এবিটিআই -এর অনুষদ সদস্যগণ কর্মশালাগুলোর সেশন পরিচালনা, সঞ্চালনা ও সমন্বয়কারির দায়িত্ব পালন করেন।

# শোক সংবাদ

জানুয়ারি-মার্চ কোয়ার্টারে বিভিন্ন রোগ-ব্যাধিতে আক্রান্ত হয়ে পরলোকগমন করেছেন ৩ জন কর্মরত অগ্রণীয়ান। অগ্রণী ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক এবং সিইও মোহম্মদ শামস্-উল ইসলাম এসকল নির্বাহী, কর্মকর্তা ও কর্মচারীর মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন। নিম্নে পরলোকগতদের নামের তালিকা তাদের প্রয়াণের তারিখের ক্রমানুযায়ী মুদ্রিত।

## জানুয়ারি-মার্চ কোয়ার্টারে যে সকল অগ্রণীয়ান চিরবিদায় নিয়েছেন:

| নাম | পদবী | শাখা | প্রয়াণের তারিখ |
|---|---|---|---|
| ১। কাজী নূরুল ইসলাম | এ্যাটর্নি এ্যাসিস্টেন্ট | আঞ্চলিক কার্যালয়, কুমিল্লা | ১০.০১.২০২২ |
| ২। মো. তফাজ্জল হোসেন | কেয়ার টেকার-১ | নারায়ণপুর শাখা, চাঁদপুর | ১২.০১.২০২২ |
| ৩। মো. আব্দুল বাতেন | এ্যাটর্নি এ্যাসিস্টেন্ট | বাতাকান্দি বাজার শাখা, কুমিল্লা | ২৬.০১.২০২২ |
| ৪। *মো. হামিদুর রহমান | কেয়ার টেকার-১ | নীলফামারী শাখা, নীলফামারী | ১২.১১.২০২১ |
| ৫। *মো. শাহাজান | কেয়ার টেকার-১ | খিলা বাজার শাখা, কুমিল্লা | ৩.১২.২০২১ |
| ৬। *মো. দিদার হোসেন | জমাদার | স্যার ইকবাল রোড শাখা, খুলনা | ২৩-১২-২০২১ |
| ৭। *মো. সহীদুর রহমান বকসী | অফিসার | পুঠিয়া শাখা, রাজশাহী | ২৯-১২-২০২১ |

**তারকা চিহ্নিত নামগুলোর রিপোর্টিং পরে হয়েছে বলে ই-অগ্রণী দর্পণের পূর্ববর্তী সেপ্টেম্বর-ডিসেম্বর সংখ্যায় মুদ্রিত হয়নি।*



# স্মৃতির আর্কাইভস

## স্মৃতিময় অগ্রণী ব্যাংক আরকাইভস থেকে

অগ্রণী দর্পণ নামে অগ্রণী ব্যাংকের একটি ঘরোয়া ত্রৈমাসিক পত্রিকা ছিল যা সেপ্টেম্বর ১৯৭৯ থেকে ১৯৯৪ পর্যন্ত নিয়মিতভাবেপ্রকাশিত হয়েছে। পত্রিকাটি অগ্রণী পরিবারের সদস্যদের মধ্যে পারস্পারিক যোগাযোগ বৃদ্ধিসহ চমৎকার মেলবন্ধন তৈরি করে। ব্যাংকের অভ্যন্তরে পত্রিকাটির পাঠকপ্রিয়তা ছিল। সাদা-কালো রঙে মুদ্রিত দর্পণ -এর সেই সব সংখ্যার স্মৃতির অ্যালবাম থেকে ধারাবাহিকভাবে কিছু কিছু বিষয় তুলে আনা হচ্ছে ই-অগ্রণী দর্পণে। ১৯৮২ সালে প্রকাশিত অগ্রণী দর্পণ থেকে দুটিট ছবি পুনঃমুদ্রিত হল।




১৯৮২ সালের ৩১ জুলাই অনুষ্ঠিত আঞ্চলিক সম্মেলনে বক্তব্য প্রদান করছেন ব্যবস্থাপনা পরিচালক লুৎফর রহমান সরকার। ছবিতে সম্মেলনে ২৪টি জোনের প্রধান ও প্রধান কার্যালয়ের ১৫টি বিভাগের প্রধানগণ অংশ নেন।

*ছবির উৎস: অগ্রণী দর্পণ, জুলাই ১৯৮২ সংখ্যা।*






অগ্রণী ব্যাংক আয়োজিত চট্টগ্রামে ঋণ ব্যবস্থাপনা সেমিনারের উদ্বোধন করছেন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর এমএ আজিজ খান। ছবিতে প্রশিক্ষণার্থীসহ ব্যাংকের উর্ধ্বতন কর্মকর্তাগণকে দেখা যাচ্ছে।

*ছবির উৎস: অগ্রণী দর্পণ, জুলাই ১৯৮২ সংখ্যা।*

# ফটো গ্যালারী



২৬ মার্চ ২০২২ মহান স্বাধীনতা দিবসে ধানমন্ডির ৩২ নম্বরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে শ্রদ্ধাজ্ঞাপন শেষে ব্যবস্থাপনা পরিচালক এবং সিইও মোহম্মদ শামস্-উল ইসলাম সহ ব্যাংকের নির্বাহী, কর্মকর্তা ও কর্মচারীগণ




স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদ্‌যাপন উপলক্ষে বর্ণিল আলোকসজ্জায় সজ্জিত মতিঝিলস্থ অগ্রণী ব্যাংকের প্রধান কার্যালয়

# কবিতা

## নষ্টালজিয়া

আমি থমকে আছি সময়ের আপেক্ষিকতায়,
জীবনের গতিধারা আজ স্থবির।
বার্ধক্য দিয়ে টেনে দিয়েছি জীবনের সীমা
আমার প্রতিটি মুহূর্ত জর্জরিত নষ্টালজিয়ায়
যদি কেউ প্রশ্ন করে, কেনো?
আমার অবাঙময়তা আমাকে কুঁড়ে কুঁড়ে খায়
শতক্রোশ দূরের সমুদ্রের গর্জন শুনতে পাই হৃদয় গহীণে
আকাশের ঘনকালো মেঘও আমার একাকীত্বের কাছে পরাজিত
নিজের অস্তিত্বকে আজ খুঁজে পাই গহীণ অন্ধকারে
আলোতে হারিয়ে ফেলেছি আপন সত্ত্বা
আলোছায়ার টানাপোড়েনের খেলায় অসহায় আমি
দাঁড়িয়ে আছি আগত শতাব্দীর অনাগত পথে।



*- অলক মজুমদার*
*প্রিন্সিপাল অফিসার*
*স্পেশাল স্টাডি সেল*

